বইমেলায় বরকতের তিন বই

এবারের একুশে বইমেলায় তিনটি বই প্রকাশ পাচ্ছে মেহেরপুরের শিশুতোষ গল্পকার তরুণ লেখক বরকত আলীর। বই তিনটি হচ্ছে-‘পিঁপিঁ◌ঁ ও কুড়িয়ে পাওয়া ডিম’, ‘গল্পের গরু গাছে’ ও ‘পেটমোটা শিয়াল’। এদের মধ্যে দুইটি শিশুতোষ ও একটি লোকগল্পের।

এর মধ্যে ‘পিঁপিঁ ও কুড়িয়ে পাওয়া ডিম’ বইটির প্রচ্ছদ করেছেন শাহীনুর আলম শাহীন, কিডজ কারাভান প্রকাশনী থেকে প্রকাশ করা হয়েছে। পাওয়া যাচ্ছে ৬২৫ নম্বর স্টলে। ‘গল্পের গরু গাছে’ বইটির প্রচ্ছদ করেছেন অংকন তুর্য পাতা প্রকাশনী থেকে প্রকাশ করা হয়েছে। বইটি পাওয়া যাচ্ছে ৫৬৮ নম্বর স্টলে।

ইতোমধ্যে বইদুটি বইমেলায় প্রকাশিত হয়েছে। কিছুদিনের মধ্যে ‘পেটমোটা শিয়াল’ নামের একটি লোকগল্পের বই প্রকাশিত হবে। বইটির প্রচ্ছদ করেছেন কাওসার মাহমুদ, খুশবু প্রকাশন থেকে প্রকাশ করা হয়েছে। বইটি পাওয়া যাচ্ছে ৭৩০ নম্বর স্টলে।

বইমেলায় ‘কবিতায় স্যামুয়েল’

অমুর একুশে গ্রন্থমেলা ২০২৩- এ প্রকাশিত হলো লেখক ও গবেষক স্যামুয়েল হকের কবিতার বই ‘কবিতায় স্যামুয়েল’। বইটি প্রকাশ করেছে জি-সিরিজ প্রকাশনী।
প্রচ্ছদ ও অলঙ্করণ করেছেন খাদেমুল জাহান। এর মূল্য রাখা হয়েছে ২৫০ টাকা। বইটি পাওয়া যাবে বইমেলার বাতিঘর প্রকাশনীর ২৬৮,২৬৯,২৭০,২৭১ স্টলে।
বইটির প্রত্যেকটি কবিতা সহজ ভাষায় চমৎকারভাবে উপস্থাপন করা হয়েছে। তার সবগুলো কবিতায় ফুটে উঠেছে জীবন-জগতের ভাববিন্যাস। কবি অন্তর খুঁড়ে যে অনুভূতি প্রকাশ করেছেন তার মধ্যে রয়েছে লালিত্য।
কবিতা আপন জগতের বাহিরে রূপান্তরিত জগতে নিয়ে যায় পাঠককে। রূপান্তরিত জগতে নিয়ে যাবার কবিতা দিয়েই ‘কবিতায় স্যামুয়েল’ কবিতা গ্রন্থটির অবয়ব দেয়ার চেষ্টা করেছেন কবি।